

## হার্ভার্ড ইউনিভার্সিটির ভিজিটিং স্কুলার হলেন জাবি শিক্ষক

জাবি প্রতিনিধি

৫ এপ্রিল ২০২৩ ০৭:২৭ পিএম |

আপডেট: ৫ এপ্রিল ২০২৩ ০৮:৩৯

পিএম

10  
Shares

অধ্যাপক ড. মোহাম্মদ তারিকুল ইসলাম

advertisement

যুক্তরাষ্ট্রের বিশ্বখ্যাত হার্ভার্ড ইউনিভার্সিটির ভিজিটিং স্কুলার (পোস্ট ডক্টরাল ফেলো) হিসেবে নিয়োগ পেয়েছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) সরকার ও রাজনীতি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মোহাম্মদ তারিকুল ইসলাম। তিনি হার্ভার্ড ইউনিভার্সিটির বিখ্যাত কেনেডি স্কুল অব গভর্নমেন্টের আন্তর্জাতিক উন্নয়ন কেন্দ্রে ছয় মাসের জন্য অধ্যাপনা করবেন। ২০২৪ সালের শুরুতে তিনি যোগদান করবেন বলে আমাদের সময়কে নিশ্চিত করেছেন।

ড. তারেক বলেন, ‘আমার স্বপ্ন ছিলো হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে গবেষণা ও পাঠদানে যুক্ত হব। এই মর্যাদাপূর্ণ ফেলোশিপকে কাজে লাগিয়ে শিক্ষা ও গবেষণায় উৎকর্ষ বৃদ্ধি করতে চাই এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে বিশ্বদরবারে তুলে ধরব, এই আশা রাখি।’

advertisement

উল্লেখ্য, ড. মোহাম্মদ তারিকুল ইসলাম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সরকার ও রাজনীতি বিভাগের সহযোগী অধ্যাপক হিসেবে কর্মরত আছেন। ২০১৪ সালে বিশ্ববিদ্যালয়ে যোগদানের পূর্বে তিনি দীর্ঘ সাত বছর জাতিসংঘ উন্নয়ন কর্মসূচিতে (ইউএনডিপি) কর্মরত ছিলেন। শিক্ষা ও গবেষণার অংশ হিসেবে তিনি বাংলাদেশ লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে রিসোর্স পারসন হিসেবে যুক্ত রয়েছেন।

ড. তারিকুল জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন পত্রিকা এবং জার্নালে নিয়মিত গবেষণা ও সাম্প্রতিক বিষয়সমূহ নিয়ে লেখালেখি করে যাচ্ছেন। তার সম্পাদিত বই, ‘হিউম্যান সিকিউরিটি, পিস অ্যান্ড ডেভেলপমেন্ট: সাউথ এশিয়ান পারস্প্রেস্টিভ’, যা ভারত থেকে প্রকাশিত হয়।

advertisement

এছাড়াও তার দুটি উল্লেখযোগ্য পাঠ্যপুস্তক, ‘দুর্যোগ, সুশাসন এবং উন্নয়ন: বাংলাদেশ প্রেক্ষিত’ (স্প্রিঙ্গার) এবং ‘বাংলাদেশে স্থানীয় সরকার: সমসাময়িক সমস্যা এবং চ্যালেঞ্জ’ (রাষ্ট্রলেজ) থেকে প্রকাশিত হয়েছে। ড. ইসলাম অক্সফোর্ড, কেমব্ৰিজ এবং স্কুল অব ওরিয়েন্টাল অ্যান্ড আফ্রিকান স্টাডিজ (এসওএএস) থেকে একাধিক মর্যাদাপূর্ণ ফেলোশিপ (পোস্ট ডক্টোরাল ফেলো, ভিজিটিং স্কলার এবং ডিজিটিং রিসার্চার) ইতোমধ্যে সফলভাবে সম্পন্ন করেছেন। শিক্ষা ও গবেষণায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় বিখ্যাত ‘হায়ার এডুকেশন ডাইজেন্স’ তাকে ‘সেরা উদীয়মান স্কলার’ এবং নেপালের একটি জাতীয় দৈনিক কর্তৃক ২০২১ সালের ‘সেরা লেখক’ হিসেবে স্বীকৃতি লাভ করেন। ড. ইসলাম জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন পত্রপত্রিকায় নিয়মিত লেখালেখির সঙ্গে যুক্ত আছেন।